

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান বুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
পটিয়া, চট্টগ্রাম।

 [bbs.patiya.chittagong.gov.bd](http://bbs.patiya.chittagong.gov.bd)

স্মারক নং : ৫২.০১.১৫৬১.০০০.০৬.০০৯.১৬ - ০৭৬

তারিখ : ১১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
২৬ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ই-মেইলের মাধ্যমে জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্র প্রদান সম্পর্কে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম কর্তৃক ই-মেইলের মাধ্যমে জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্র প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগামী ০১ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখ হতে এ দপ্তরে নাগরিক সেবাটি চালু হবে। এতে করে এ সংক্রান্ত নাগরিক দুর্ভোগ অনেকটাই কমে আসবে, সেবা গ্রহণ প্রক্রিয়া সহজ হবে এবং সশরীরে দপ্তরে আসার আর প্রয়োজন হবে না। উল্লিখিত দিন থেকে এ পক্ষটি চালু হলেও এর পাশাপাশি জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্রের হার্ডকপি প্রদান প্রক্রিয়াও চালু থাকবে। ভবিষ্যতে সরাসরি এ দপ্তরের ওয়েবসাইটে গিয়ে অনলাইনের মাধ্যমে আবেদনপত্র দাখিল ও জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্র ডাউনলোড করার ডিজিটাল প্রক্রিয়া চালু করার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশের স্বপ্নকে বাস্তবে রূপ দেয়ার জন্য সার্বিক সহযোগিতা করার ব্যাপারেও প্রাথমিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান বুরো সঠিক ও সময়োচিত, বিশ্বাসনের পরিসংখ্যান প্রগতিনের মাধ্যমে সঠিক ও সময়োচিত পরিকল্পনা গ্রহণে এবং জনগণের দোরগোড়ায় নাগরিক সেবাকে পৌছে দিতে সর্বদা বদ্ধপরিকর।

এ সেবা প্রাপ্তির জন্য নাগরিকদেরকে এই দপ্তরের ই-মেইল আইডিতে ([usopatiya@gmail.com](mailto:usopatiya@gmail.com)) ‘জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্র প্রদান’ বিষয় উল্লেখ করে সেবা গ্রহীতার নাম (ব্যক্তি/প্রতিষ্ঠান), পূর্ণ ঠিকানা, স্থাপিত/চালু হওয়ার সাল (প্রতিষ্ঠানের ক্ষেত্রে), EIIN/কোড নম্বর/রেজিস্ট্রেশন নম্বর (প্রতিষ্ঠানের ক্ষেত্রে), যোগাযোগের নম্বর (মোবাইল/ফোন) এবং উপজেলার কোন কোন ইউনিয়ন/পৌরসভার কোন কোন ওয়ার্ডের জন্য জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্র প্রয়োজন সেটি উল্লেখপূর্বক ই-মেইল প্রেরণ করতে হবে। ইংরেজি ভাষায় প্রত্যয়নপত্র/সনদপত্র চাইলে এসব তথ্য ইংরেজিতে প্রদান করতে হবে। এছাড়াও কোনো প্রতিষ্ঠান চাইলে নিজেদের অফিসিয়াল প্যাডে ‘পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পটিয়া, চট্টগ্রাম’ বরাবর এ সংক্রান্ত আবেদনপত্র লিখে/টাইপ করে, কর্তৃপক্ষের স্বাক্ষরসহ স্ক্যান করে ই-মেইলের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। ই-মেইলে আবেদন প্রাপ্তির ১-৩ কার্যদিবসের মধ্যে যে ই-মেইল আইডি থেকে আবেদন করা হয়েছে, সে ই-মেইল আইডিতে জনসংখ্যা প্রত্যয়নপত্র/সনদপত্রের স্ক্যানড পিডিএফ (সফট) কপি পৌছে যাবে বলে আশ্বাস প্রদান করা যাচ্ছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিষয়টি সম্পর্কে অবহিত করা হলো।

স্বাক্ষর :/-

(মীর আব্দুল-জামিন সাকিব)

পরিসংখ্যান কর্মকর্তা

০৩০৩৫-৫৬২২৫ এম [usopatiya@gmail.com](mailto:usopatiya@gmail.com)

উপরিচালক

জেলা পরিসংখ্যান কার্যালয়

চট্টগ্রাম।


স্মারক নং : ৫২.০১.১৫৬১.০০০.০৬.০০৯.১৬ - ০৭৬

তারিখ : ১১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ

২৬ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ত্রুমানুসারে নয়) :-

- ১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
- ৩) জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
- ৪) অফিস সংরক্ষণ নথি/নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল (জনসাধারণকে অবহিতকরণের স্বার্থে)।

  
(মীর আব্দুল-জামিন সাকিব)  
পরিসংখ্যান কর্মকর্তা